গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
জেলাপ্রশাসকেরকার্যালয়, পাবনা
(সংস্থাপন শাখা)
www.pabna.gov.bd

জেলা প্রশাসক, পাবনা কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে অংশীজনের অংশ গ্রহণে [Stake Holders] ১ম সভার কার্য বিবরণী :-

সভাপতি : জনাব কবীর মাহমুদ
জেলা প্রশাসক,
পাবনা

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পাবনা।

তারিখ : ২০/০৯/২০২০ খ্রিঃ সময় : সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যবৃন্দ' পরিশিষ্ট 'ক'

অদ্যকার সভার সভাপতি জনাব কবীর মাহমুদ, জেলা প্রশাসক, পাবনা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভা পরিচালনা করার জন্য অতিঃ জেলা প্রশাসক (সার্বিক), পাবনাকে অনুরোধ জানান।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পাবনা জেলা প্রশাসক, পাবনা কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ সভায় পাঠ করে শুনান এবং প্রণীত কর্ম-পরিকল্পনার বিভিন্ন সূচক ব্যাখা করেন। তিনি অত্র কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ সকল সূচক যথাযথভাবে বাস্তবায়ন বিষয়ে সকলকে সুচিন্তিত মতামত ব্যক্ত করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর সকল কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করার বিষয়ে শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ পূর্ব প্রস্তুতি গ্রহণ করবেন। প্রতি মাসের কার্যক্রমের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল শাখায় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত পৃথক নথি রাখতে হবে। নির্দেশনা মোতাবেক যথা সময়ে রিপোর্ট রিটার্ণ প্রেরণ নিশ্চিত করতে হবে। সকল অতিরিক্ত জেলা প্রশাসকগণ সামগ্রিক কার্যক্রম মনিটরিং করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কবীর মাহমুদ)
জেলা প্রশাসক
পাবনা
ফোন : ০৭৩১-৬৫৪৯৯
ই-মেইল : dcpabna@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০০৯.১৫.০৫৫.২০. ৪২২

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/,(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা
০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা
০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা

(কবীর মাহমুদ)
জেলা প্রশাসক
পাবনা
ফোন : ০৭৩১-৬৫৪৯৯
ই-মেইল : dcpabna@mopa.gov.bd